বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/নিয়োগ/২৬-২৯/২০১৮/৬২(৪) তারিখ ঃ ১৮ মাঘ ১৪২৪ / ৩১ জানুয়ারি ২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-এ নিম্নলিখিত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত ও স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র/নং	পদের নাম, বেতন স্কেল ও বয়সসীমা	পদের সংখ্যা
০১	**অধ্যাপক/সহযোগী অধ্যাপক** **৫৬৫০০-৭৪৪০০/৫০০০০-৭১২০০**	
ক)	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ	০১
খ)	অ্যাপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগ	০২
গ)	গণিত বিভাগ	০১
ঘ)	রসায়ন বিভাগ	০১
ঙ)	পদার্থবিজ্ঞান বিভাগ	০১
চ)	ফার্মেসী বিভাগ	০১
ছ)	শেখ হাসিনা কৃষি ইনস্টিটিউট	০২
জ)	বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ	০১
ঝ)	বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ	০১
ঞ)	মার্কেটিং বিভাগ	০২
ট)	অর্থনীতি বিভাগ	০১
ঠ)	আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ	০১
ড)	আইন বিভাগ	০১
ক থেকে ড পর্যন্ত পদসমূহে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সহকারী অধ্যাপক/প্রভাষক নেওয়ার বিষয় বিবেচিত হতে পারে)		
০২	**সহকারী অধ্যাপক/প্রভাষক** **৩৫৫০০-৬৭০১০/২২০০০-৫৩০৬০**	
ক)	সিএসই বিভাগ (০২ শিছুবি)	০৪
খ)	অ্যাপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগ	০১
গ)	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ	০১
ঘ)	গণিত বিভাগ (শিছুবি)	০১
ঙ)	রসায়ন (০১ শিছুবি)	০২
চ)	ফার্মেসী (০১ শিছুবি)	০২
ছ)	শেখ হাসিনা কৃষি ইনস্টিটিউট	০২
জ)	বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি	০২
ঝ)	বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ	০১
ঞ)	ব্যবস্থাপনা শিক্ষা বিভাগ (শিছুবি)	০২
ট)	একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ (শিছুবি)	০১
ঠ)	মার্কেটিং বিভাগ	০১
ড)	অর্থনীতি বিভাগ (শিছুবি)	০১
ঢ)	আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ	০২
ণ)	ইংরেজি বিভাগ	০২
ত)	আইন বিভাগ (০১ মাছুবি)	০২
থ)	বঙ্গবন্ধু ইনস্টিটিউট অব লিবারেশন ওয়ার এন্ড বাংলাদেশ স্টাডিজ	০১
দ)	সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ	০৩
ধ)	ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ	০৩
ন)	ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ	০৩
প)	পলিটিক্যাল সায়েন্স বিভাগ	০৩
ফ)	লাইভস্টক সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন বিভাগ	০৩

যোগ্যতা

অধ্যাপক

(ক) উচ্চতর শিক্ষাগত যোগ্যতা এবং অত্যন্ত বিদ্বান হিসেবে সুখ্যাতি অর্জনকারী প্রার্থীর কমপক্ষে ১২ বছরের শিক্ষকতার এবং/ অথবা পেশাগত অভিজ্ঞতা যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৫ বছর চাকুরী করার অভিজ্ঞতা থাকতে হবে।

(খ) প্রার্থীর গবেষণা কর্মের মানসম্পন্ন প্রকাশনা এবং গবেষণাকর্ম পরিচালনার দক্ষতা থাকতে হবে ।

(গ) অসাধারণ যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে উল্লিখিত যোগ্যতার যেকোন একটি শর্ত শিথিল করা যেতে পারে।

সহযোগী অধ্যাপক

(ক) প্রার্থীর উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসহ কমপক্ষে সাত বছর শিক্ষকতার এবং/ অথবা পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে চাকুরী করার তিন বছরের অভিজ্ঞতা আবশ্যক।

(খ) প্রার্থীর গবেষণাকর্মের মানসম্পন্ন প্রকাশনা থাকতে হবে।

(গ) অসাধারণ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে যেকোন একটি শর্ত শিথিল করা যেতে পারে।

সহকারী অধ্যাপক

(ক) স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে তিন বছর শিক্ষকতা অথবা অনুমোদিত গবেষণা প্রতিষ্ঠানে তিন বছর গবেষণার অভিজ্ঞতা অথবা স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতা ও অনুমোদিত গবেষণা প্রতিষ্ঠানে চাকুরী করার মোট ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

(খ) প্রভাষক পদের যোগ্যতাসহ যাদের এমফিল ডিগ্রী আছে তাদের এক বছর শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

(গ) প্রভাষক পদের যোগ্যতাসহ পিএইচডি বা ইউরোপ, অস্ট্রেলিয়া ও উত্তর আমেরিকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে এমফিল, এমলিট ডিগ্রী থাকলে প্রার্থীদের সহকারী অধ্যাপক পদে নিয়োগ দেয়া যেতে পারে।

প্রভাষক

(ক) প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে।

(খ) প্রভাষক পদে প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অনার্স এবং মাস্টার্স পরীক্ষায় যেকোন একটিতে কমপক্ষে প্রথম শ্রেণী অথবা ৪ স্কেলে ন্যূনতম জিপিএ ৩.৫ থাকতে হবে এবং উক্ত ডিগ্রীদ্বয়ের কোনটিতেই তৃতীয় বিভাগ বা ৩.০০ এর নীচে জিপিএ গ্রহণযোগ্য হবে না।

(গ) উল্লিখিত শর্তবিশিষ্ট প্রার্থী পাওয়া না গেলে খ-এ বর্ণিত শর্ত শিথিল করা যেতে পারে। তবে শিক্ষা জীবনে প্রাপ্ত ডিগ্রীর কোন পর্যায়েই তৃতীয় বিভাগ বা ৩.০০ এর নিচে জিপিএ গ্রহণযোগ্য হবে না।

(ঘ) উচ্চতর ডিগ্রীধারী ও গবেষণাকর্মে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

*শুধুমাত্র ইইই, সিএসই ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের জন্য বি. এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী ব্যক্তিগণ আবেদন করতে পারবেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ

ব)	ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগ	০৩	
ভ)	মনোবিজ্ঞান বিভাগ	০৩	
ম)	লোক প্রশাসন বিভাগ (০১ শিছুবি+০১ মাছুবি)	০২	
য)	ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ (ইটিই) (শিছুবি)	০১	
র)	বাংলা বিভাগ (শিছুবি)	০১	
ল)	পরিসংখ্যান বিভাগ (শিছুবি)	০২	
০৩	বিশ্ববিদ্যালয় প্রকৌশলী বেতন স্কেল ঃ (৫৬৫০০-৭৪৪০০) বয়সসীমা ঃ ৫২ বছর	০১	প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ বি,এস,সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীসহ এম. ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রী এবং কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান /সরকারী/আধাসরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রকৌশলী হিসাবে কমপক্ষে ১৩ (তের) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে, যাহার মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী বা ইহার সমমানের পদে কমপক্ষে ০৪(চার) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ বি,এস,সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীসহ কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান /সরকারী/আধাসরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রকৌশলী হিসাবে কমপক্ষে ১৪ (চৌদ্দ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে, যাহার মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী বা ইহার সমমানের পদে কমপক্ষে ০৪(চার) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৪	অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর (১১০০০-২৬৫৯০) বয়সসীমা ঃ ১৮ থেকে ৩০ বছর	০৭	(ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী এবং কোন স্বীকৃত ইন্সটিটিউট/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণ কোর্স/কম্পিউটার সায়েন্সে ডিপ্লোমাসহ কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ গতি থাকতে হবে। (খ) কোন বিশ্বিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত/বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (গ) মাইক্রোসফট অফিস ও কম্পিউটার রক্ষণাবেক্ষণে পারদর্শী ও অফিস সংক্রান্ত কাজে অধিক অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ** কারিগরি বোর্ড, যুব উন্নয়ন অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সীট ফাউন্ডেশন এর সনদধারীরা অগ্রাধিকার পাবেন।
০৫	ডাটা এন্ট্রি অপারেটর **(৯৩০০-২২৪৯০)** বয়সসীমা ঃ ১৮ থেকে ৩০ বছর	০১	(ক) কোন বোর্ড হতে এইচ.এস.সি. পাশ অথবা সমমানের যোগ্যতা থাকতে হবে। (খ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ৩০ শব্দ ও ইংরেজিতে ৪০ শব্দ গতি থাকতে হবে। (গ) মাইক্রোসফট অফিস ও কম্পিউটার রক্ষণাবেক্ষণে পারদর্শী ও অফিস সংক্রান্ত কাজে অধিক অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। (সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ডিগ্রীধারীরা আবেদন করতে পারবেন)
০৬	অফিস সহায়ক (৮২৫০-২০০১০) বয়সসীমা ঃ ১৮ থেকে ৩০ বছর	০৭	কোন অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমান পাশ। সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

* এপিইসিই ও আইন বিভাগে ইতিপূর্বে বশেমুরবিপ্রবি/র/নিয়োগ/২৬/২০১৭/৫৮৭(৪), শেখ হাসিনা কৃষি ইনস্টিটিউটে বশেমুরবিপ্রবি/র/নিয়োগ/২৬-২৯/২০১৭/১১৪(৫) এবং বশেমুরবিপ্রবি/র/নিয়োগ/২৬-২৯/২০১৭/৩৮১(৪), তাং- ১৮/০৬/২০১৭ স্মারকের বিজ্ঞপ্তি মোতাবেক যাঁরা ইতিপূর্বে আবেদন করেছেন, তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।

- নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার কোটা অনুসরণ করা হবে।
- বিভাগীয়/অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে নির্ধারিত যোগ্যতার যে কোন ০২টি শর্ত শিথিলযোগ্য।
- বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে প্রথম শ্রেণীর চাকুরি গণনায় দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা পদে চাকুরিকালের অর্ধেক বিবেচ্য হবে। অধিকতর যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সের শর্তটি শিথিলযোগ্য।
- ১৫/০২/২০১৮ তারিখে বয়সসীমা গণনা করতে হবে।

শর্তাবলী ঃ

১) প্রত্যেক পদে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে।

২) আবেদন ফর্ম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং নিয়োগের অন্যান্য শর্তাবলী অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.bsmrstu.edu.bd থেকে সংগ্রহ করতে হবে।

৩) ১ থেকে ৩ নং ক্রমিকের পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকা এবং ৪ থেকে ৬ নং ক্রমিকের পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা অগ্রণী ব্যাংক লিঃ এর যে কোন অনলাইন শাখা হতে সঞ্চয়ী হিসাব নং ০২০০০০৩১৫২৩৭২, রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বশেমুরবিপ্রবি), গোপালগঞ্জ এই হিসাবে জমা করে জমা ভাউচারের মুল অংশ ১টি সাদা কাগজে আঠা দিয়ে লাগিয়ে আবেদনপত্রের মুল কপির সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে জমা ভাউচারের স্ক্রল নম্বর ও তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র অবশ্যই A4 সাইজের খামে জমা দিতে হবে।

৪) আবেদনকারীদেরকে ৪(চার) কপি আবেদন করতে হবে এবং প্রতি কপি আবেদন ফর্মের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, পজিশনের প্রমানপত্র, অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে), জাতীয়তার সনদ ও মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য মুক্তিযোদ্ধার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

৫) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে প্রতিটি আবেদন ফর্মে লাগাতে হবে।

৬) কোন প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্মরত পদের নিয়োগপত্র (বেতনস্কেল উল্লেখপূর্বক), ও আনুসঙ্গিক কাগজপত্র সংযুক্ত করতে হবে।

৭) আবেদনপত্র অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ এর অনুকূলে পৌছানোর শেষ তারিখ ১৫/০২/২০১৮ বিকাল ৫-০০ ঘটিকা।

৮) প্রার্থীদের সাক্ষাৎকার/ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

৯) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

রেজিস্ট্রার